



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড  
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ  
এইচএসসি (বিএমটি) শাখা  
Website: [www.bteb.gov.bd](http://www.bteb.gov.bd)

স্মারক নং:- ৫৭.১৭.০০০০.৩০২.০৮.০০৯.২৬.২০০

তারিখ : ১০-০৭-২০২৬ খ্রি.

বিজ্ঞপ্তি

বিষয় : বৈরী আবহাওয়ার কারণে আগামী ১১-০৭-২০২৬খ্রি: তারিখ শনিবার এইচএসসি (বিএমটি), এইচএসসি (ভোক.) ও ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষা ২০২৬ স্থগিত প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, বন্যা পরিস্থিতি বিবেচনায় এবং চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অধীন সকল জেলা প্রশাসকের প্রতিবেদনের প্রেক্ষিতে চট্টগ্রাম শিক্ষা বোর্ডের আওতাধীন (চট্টগ্রাম, খাগড়াছড়ি, রাজামাটি, বান্দনবান ও কক্সবাজার জেলাসমূহ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ১১-০৭-২০২৬খ্রি: শনিবারের এইচএসসি (বিএমটি), এইচএসসি (ভোক.) ও ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষা ২০২৬ স্থগিত করা হলো। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের (চট্টগ্রাম বোর্ডের অধীন জেলা ব্যতীত) অন্যান্য জেলার উক্ত তারিখের পরীক্ষা যথারীতি অনুষ্ঠিত হবে। স্থগিত হওয়া পরীক্ষার সময়সূচি পরবর্তীতে জানানো হবে।

এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

১০-০৭-২০২৬খ্রি.

(প্রকৌশলী মোঃ আবুল কালাম আজাদ)  
পরীক্ষা নিয়ন্ত্রক  
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০২.০৮.০০৯.২৬.২০০ (৯)

তারিখ : ১০-০৭-২০২৬খ্রি:

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।  
[দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত-সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা]
২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা।
৩. জেলা প্রশাসক, সকল জেলা।
৪. আঞ্চলিক পরিচালক, চট্টগ্রাম কারিগরি শিক্ষা অধিদপ্তর।
৫. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৬. উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট উপজেলা)।
৭. অধ্যক্ষ/কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল কেন্দ্র)।
৮. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. সংশ্লিষ্ট নথি।

১০-০৭-২০২৬খ্রি.

(মোঃ জাহেদুল কবির খান)  
উপ পরীক্ষা নিয়ন্ত্রক (বিএমটি)  
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোন : ০২-৫৫০০৬৫২৯

# বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি

অফিস: মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা


পত্র নং: আশিবো/প্রশা/২০১০/৭২

তারিখ: ১০/০৭/২০২৬ খ্রি.

বিষয়: বৈরী আবহাওয়ার কারণে আগামী ১১/০৭/২০২৬ তারিখ শনিবারের এইচএসসি/আলিম/এইচএসসি(বিএমটি), এইচএসসি (ভোকেশনাল) ও ডিপ্লোমা ইন কমার্স পরীক্ষা ২০২৬ স্থগিত প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, বন্যা পরিস্থিতি বিবেচনায়, চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অধীন সকল জেলা প্রশাসকের প্রতিবেদন এবং চট্টগ্রাম শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকের পরীক্ষা স্থগিতের অনুরোধের প্রেক্ষিতে চট্টগ্রাম শিক্ষা বোর্ড (সকল জেলা) এবং চট্টগ্রাম শিক্ষা বোর্ডের আওতাধীন বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড ও বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আগামী ১১/০৭/২০২৬ তারিখ শনিবারের এইচএসসি/আলিম/এইচএসসি(বিএমটি), এইচএসসি (ভোকেশনাল) ও ডিপ্লোমা ইন কমার্স পরীক্ষা ২০২৬ স্থগিত করা হলো। অন্যান্য শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড ও বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের (চট্টগ্রাম বোর্ডের অধীন জেলা ব্যতীত) অন্যান্য জেলার উক্ত তারিখের পরীক্ষা যথারীতি অনুষ্ঠিত হবে। স্থগিত হওয়া পরীক্ষার সময়সূচি পরবর্তীতে জানানো হবে।

এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।



প্রফেসর সৈয়দ আক্তারুজ্জামান

সভাপতি

আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি

ও

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন- ০২-৯৬১৫২৩৫

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/

দিনাজপুর/ময়মনসিংহ/বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড/বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

১. জেলা প্রশাসক, সকল জেলা
২. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ, ঢাকা
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ, ঢাকা
৪. উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা
৫. জেলা শিক্ষা কর্মকর্তা, সকল জেলা
৬. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৭. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
৮. অফিস কপি।